দৈনিক জনকণ্ঠ

তারিখ ...10 NOV 1998 ...

পৃঃ ১ কলাম ২

# শেরপুর কলেজ অধ্যক্ষের অফিসে অগ্নিসংযোগ ॥ হরতাল উত্তেজনা

**শেরপুর, ৯ নবেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।**– শেরপুরে এখনও উত্তেজনা কাটেনি। শুক্রবার গভীর রাতে কে বা কারা শেরপুর সরকারী কলেজের অধ্যক্ষের অফিস ভবনে অগ্নিসংযোগ করলে ভবনটি সম্পূর্ণরূপে ভস্মীভূত হয়। এদিকে শুক্রবার সন্ত্রাসীদের দ্বারা শহরের ১০/১২টি দোকান ভাংচুর ও লুটপাটের প্রতিবাদে শেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের ডাকে শনিবার জেলা সদরে

*(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## শেরপুর কলেজ

*(প্রথম পাতার পর)*

সকাল-সন্ধ্যা শান্তিপূর্ণভাবে হরতাল পালিত হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় প্রশাসন ব্যর্থ হয়েছে বলে অভিযোগ উঠেছে। ছাত্র সংসদ নির্বাচনের জের ধরে শুক্রবার ছাত্রদল-ছাত্রলীগ ব্যাপক সংঘর্ষ ও দোকান ভাংচুর করে। শহরে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনার লক্ষ্যে শনিবার সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত জেলা প্রশাসকের কক্ষে সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। এ সভায় আওয়ামী লীগ ও বিএনপির নেতৃবৃন্দ পুলিশের ব্যর্থতার কথা উল্লেখ করে বক্তব্য রাখেন। পুলিশ সুপার এক প্রশ্নের উত্তরে বলেন, দোকান ভাংচুরের সময় সন্ত্রাসীদের গ্রেফতারের জন্য তাঁর কঠোর নির্দেশ থাকলেও কতিপয় অধস্তন পুলিশ কর্মকর্তা যথাযথভাবে কর্তব্য পালন করেনি। পুলিশ সুপার বিষয়টি আইজিপিকে অবহিত করেছেন বলে জানান। অবিলম্বে সন্ত্রাসী মস্তানদের গ্রেফতার করা হবে বলে সভায় জানানো হয়। শহরের গুরুত্বপূর্ণ স্থানে পুলিশী ব্যবস্থা জোরদার করা হয়েছে।

কলেজে অগ্নিসংযোগের ব্যাপারে ছাত্রদল ও ছাত্রলীগ পরস্পরকে দায়ী করে পৃথক পৃথক বিবৃতি দিয়েছে। কলেজের অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের ওপর হামলা ও অফিস ভস্মীভূত করায় কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ তীব্র নিন্দা জ্ঞাপন করে সন্ত্রাসীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন।